

## সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩১৫৪

২০/ কোরবানী (كتاب الأضحى)

পরিচ্ছেদঃ ২০/১২. ঈদের নামাযের পূর্বে কোরবানী করা নিষিদ্ধ

بَابُ النَّهْيِ عَنْ ذَبْحِ الْأَضْحِيَّةِ قَبْلَ الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى، عَنْ خَالِدِ الْحَذَّاءِ، عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ أَبِي زَيْدٍ، - قَالَ أَبُو بَكْرٍ وَقَالَ غَيْرُ عَبْدِ الْأَعْلَى عَنْ عَمْرِو بْنِ بُجْدَانَ، عَنْ أَبِي زَيْدٍ، - حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى أَبُو مُوسَى، حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ، حَدَّثَنَا أَبِي، عَنْ خَالِدِ الْحَذَّاءِ، عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ عَمْرِو بْنِ بُجْدَانَ، عَنْ أَبِي زَيْدِ الْأَنْصَارِيِّ، قَالَ مَرْسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - بِدَارٍ مِنْ دُورِ الْأَنْصَارِ فَوَجَدَ رِيحَ قُتَارٍ فَقَالَ "مَنْ هَذَا الَّذِي ذَبَحَ" . فَخَرَجَ إِلَيْهِ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ فَقَالَ أَنَا يَا رَسُولَ اللَّهِ ذَبَحْتُ قَبْلَ أَنْ أُصْلِيَ لِأَطْعَمَ أَهْلِي وَجِيرَانِي . فَأَمْرَهُ أَنْ يُعِيدَ . فَقَالَ لَا وَاللَّهِ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ مَا عِنْدِي إِلَّا جَذَعٌ أَوْ حَمَلٌ مِنَ الضَّأْنِ . قَالَ "اذْبِحْهَا وَلَنْ تُجْزِيَ جَذَعَةٌ عَنْ أَحَدٍ بَعْدَكَ" .

বাংলা

৪/৩১৫৪। আবু যায়েদ আল-আনসারী থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক আনসারীর ঘরের নিকট দিয়ে যেতে ভূনা মাংসের দ্রাঘ পেলেন। তিনি জিজেস করেনঃ কোন্ ব্যক্তি কোরবানী করেছে? আমাদের মধ্যকার এক ব্যক্তি বেরিয়ে এসে বলেন, আমি, হে আল্লাহর রাসূল! আমি আমার পরিবার ও প্রতিবেশীদের মাংস খাওয়ানোর জন্য ঈদের নামায পড়ার পূর্বেই কোরবানী করেছি। তিনি তাকে পুনর্বার (নামাযের পর) কোরবানী করার নির্দেশ দেন। সে বললো, না, আল্লাহর শপথ, যিনি ছাড়া আর কোন ইলাহ নাই! আমার নিকট ছয় মাস বয়সের একটি ভেড়ার বাচ্চা ছাড়া আর কিছুই নাই। তিনি বলেনঃ সেটিই (নামাযের পর) যবেহ করো। কিন্তু তোমার পরে আর কারো জন্য ছয় মাসের বাচ্চা যথেষ্ট হবে না।

## English

It was narrated that Abu Zaid Al-Ansari said:

“The Messenger of Allah (ﷺ) passed by one of the houses of the Ansar and noticed the smell of a cooking pot. He said: ‘Who is this who has slaughtered?’ A man from among us came out and said: ‘It is me, O Messenger of Allah, I slaughtered before the prayer so that I could feed my family and neighbors.’ He commanded him to repeat it. He said: ‘No, by the One besides Whom there is none worthy of worship, I do not have anything but a one-year-old sheep or a lamb.’ He (ﷺ) said: ‘Sacrifice it, but a one-year-old sheep will not do for anyone after you.’”

## ফুটনোট

আহমাদ ২০২১০, ২২৩৭৯, সহীহ আবু দাউদ ২৪৯৬।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আমর বিন যুজদান সম্পর্কে আবুল হাসান আল-কাতান বলেন, তার পরিচয় সম্পর্কে কিছু জানা যায়না। আহমাদ বিন হাস্বল বলেন, আমি তাকে চিনি না। আহমাদ বিন সালিহ আল-জায়লী বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার অবস্থা সম্পর্কে কিছু জানা যায়না। (তাহবীবুল কামালঃ রাবী নং ৪৩৩০, ২১/৫৪৯ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু আমর বিন যুজদান এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৫৪৩ টি শাহিদ হাদিস রয়েছে, ১২ টি জাল, ৭২ টি খুবই দুর্বল, ১৯৮ টি দুর্বল, ১২১ টি হাসান, ১৪০ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৯৫১, ৯৫৪, ৯৫৫, ৯৬৫, ৯৬৮, ৯৭৬, ৯৮৩, ৯৮৪, ৯৮৫, ২৩০০, ২৫০০, ৫৫০০, ৫৫৪৫, ৫৫৪৬, ৫৫৪৭, ৫৫৪৯, ৫৫৫৫, ৫৫৫৬, ৫৫৫৬, ৫৫৫৭, ৫৫৬০, ৫৫৬১, ৫৫৬২, ৫৫৬৩, ৬৬৭৩, ৬৬৭৪, ৭৪০০, মুসলিম ১৯৬১, ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪, ১৯৬৫, ১৯৬৬, ১৯৬৭, তিরমিয়ী ১৫০০, ১৫০৮, আবু দাউদ ২৯৭৮, ২৮০০, দারিমী ১৯৫৩, ১৯৫৪, ১৯৬২, ১৯৬৩, মুয়াত্তা মালিক ১০৮৮, ১০৮৫, আহমাদ ৬৫৬০, ১০৮৮১, ১১৪১১।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=44118>

₹ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন